

তারিখ: ০৯.০৮.২০১৭ খ্রি.

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশন-২০১৫

নিম্নলিখিত তারিখ ও সময়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ঢাকা কলেজে মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশন-২০১৫ কার্যক্রম চলবে। কলেজ অফিস হতে আবেদন ও রেজিস্ট্রেশন ফরম সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

বিষয়সমূহ	রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি	তারিখ
বাংলা, ইংরেজি, আরবী, ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।	১৭৫০/-	০৯.০৮.২০১৭ থেকে ২৪.০৮.২০১৭ পর্যন্ত

১। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) নিয়মিত পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী রেজিস্ট্রেশনের জন্য প্রাথমিক আবেদন করতে পারবে।
- জাতীয়/উনুজ্জ্বল/ইসলামী বিশ্ববিদ্যালয় ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক/সম্মান পরীক্ষায় ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও মাস্টার্স ১মপর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাস্টার্স শেষপর্ব রেজিস্ট্রেশনের জন্য প্রাথমিক আবেদন করতে পারবে।
- ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে মাইগ্রেশন সনদ প্রযোজ্য হবে।
অথবা
- অনু: ১(ক) এর শর্ত পূরণ সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণ উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- অনু: ১(ক) এর শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

২। প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত বিষয়সমূহ :

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, দর্শন, আরবী, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও মার্কেটিং, বিষয়সমূহের মধ্য থেকে স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে পঠিত বিষয়েই আবেদন করা যাবে।

৩। অফিসে আবেদন/ ভর্তি ফরমের সঙ্গে যা জমা দিতে হবে :

- এসএসসি/সম্মান, এইচএসসি/সম্মান ও স্নাতক (সম্মান) পরীক্ষার পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।
- স্নাতকোত্তর ১মপর্ব কোর্সের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি।
- আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে, কোন রকম জাল কাগজ/সনদ জমা দেয়া হলে রেজিস্ট্রেশন বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- পার্সপোট সাইজের ০৪ কপি রঙীন ছবি এবং সকল কাগজ পত্র ০২ কপি করে জমা দিতে হবে।

অধ্যক্ষ
৩০২৩৩
২০১৭
২০১৭
ঢাকা কলেজ, ঢাকা
অধ্যক্ষ
ঢাকা কলেজ, ঢাকা
তারিখ: ০৯.০৮.২০১৭